**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 01.04.2025** **Desk in Charge : SM**

**Time : 7.50 PM** **Compiling & NR: NBR**

**DEO: KB**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ দক্ষিণ চব্বিশ পরগনার পাথরপ্রতিমার ঢোলাহাটে ভয়াবহ বাজি বিস্ফোরণে চার শিশুসহ আটজনের মৃত্যুর ঘটনায় রাজ্য সরকার জেলাশাসকের কাছে রিপোর্ট তলব করেছে। # বিজেপি এই বিষ্ফোরণের NIA তদন্তের দাবী জানিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে চিঠি দিয়েছে। # আজ ঘটনাস্থলে গেছে ফরেন্সিক দল।

২/ প্রতিবাদের আবহেই দিল্লি হাইকোর্টের বিচারপতি দীনেশ কুমার শর্মাকে কলকাতা হাইকোর্টের বিচারপতি হিসাবে বদলিতে সায় দিয়েছে কেন্দ্র।

৩/ সারা দেশে নিত্যপ্রয়োজনীয় ও জীবনদায়ী ৭৪৮ টি ওষুধের বর্ধিত দাম আজ থেকে কার্যকর হয়েছে।

৪/ মেধা সম্পদ সৃষ্টি ও তার বাণিজ্যকিকরণে উল্লেখযোগ্য কাজের স্বীকৃতিস্বরূপ রাজ্যের বিজ্ঞান ও প্রযুক্তি দফতর, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পুরস্কৃত হয়েছে।

৫/ খাদ্য দফতর রমজান মাস উপলক্ষ্যে রেশনের বিশেষ প্যাকেজ বন্টন ১৭ এপ্রিল পর্যন্ত চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

**********************************************************************

দক্ষিণ চব্বিশ পরগনার পাথরপ্রতিমার ঢোলাহাটে ভয়াবহ বাজি বিস্ফোরণে চার শিশুসহ আটজনের মৃত্যুর পরে রাজ্য সরকার জেলা শাসকের কাছে রিপোর্ট তলব করেছে। কি ঘটনা ঘটেছিল রিপোর্টে তার বিস্তারিত উল্লেখ করতে বলা হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

এদিকে, গতকালের ঘটনার পরে রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার আজ সব জেলার পুলিশ সুপার, গোয়েন্দা বিভাগ ও পুলিশ কমিশনারদের সঙ্গে বৈঠক করেন। বৈঠক নিয়ে এখনো পর্যন্ত বিস্তারিত কিছু না জানা গেলেও বিভিন্ন এলাকায় নজরদারীর সঙ্গে গোয়েন্দা বিভাগকে আরো সক্রিয় হওয়ার নির্দেশ দিয়েছেন বলে সূত্রের খবর।

**********************

দক্ষিণ ২৪ পরগনার পাথরপ্রতিমার ঢোলাহাটে বিষ্ফোরণে ৮ জনের মৃত্যুর ঘটনায় রাজনৈতিক চাপানউতোর তুঙ্গে।

বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এই ঘটনার NIA তদন্তের দাবী জানিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহর কাছে চিঠি দিয়েছেন। তাঁর অভিযোগ, পশ্চিমবঙ্গে অবৈধ অস্ত্র এবং বিষ্ফোরক মজুত রাখা একটি প্রবণতা হয়ে দাঁড়িয়েছে, যা দেশের পক্ষে অত্যন্ত বিপজ্জনক। পরে এক্স হ্যান্ডেলে শ্রী মজুমদার বলেন, ঢোলাহাটের বিষ্ফোরণ কোন দুর্ঘটনা নয়, রাজ্যের আইনশৃঙ্খলার অবনতির সবচেয়ে বড় উদাহরণ। এর আগেও তিনি এই ঘটনায় প্রশাসনিক ব্যররথতাকে দায়ী করেন।

( বাইট- সুকান্ত )

এদিকে, এই ঘটনায় সাধারণ মানুষের মধ্যে সচেতনতার অভাব রয়েছে বলে ADG দক্ষিণবঙ্গ সুপ্রতিম সরকার মন্তব্য করেছেন। স্থানীয় বাসিন্দারা দুর্ঘটনার প্রেক্ষিতে প্রশাসনের দিকে আঙুল তুললেও, আজ এক সাংবাদিক বৈঠকে সুপ্রতীম বাবু জানান, বাড়ি বাড়ি গিয়ে নজরদারি চালানো, পুলিশের পক্ষে সম্ভব নয়। প্রয়োজনীয় সচেতনতা

গড়ে তুলতে বাজি প্রস্তুতকারক সংস্থাগুলির সঙ্গে আলোচনায় বসা হবে। বাজি মজুত রাখার জন্য নিরাপদ জায়গা চিহ্নিত করার উদ্যোগ নেওয়া হবে বলে তিনি জানান।

( বাইট- সুপ্রতীম )

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ, ঢোলাহাটের ঘটনাকে দুর্ভাগ্যজনক আখ্যা দিয়ে বলেন, এর সঙ্গে রাজনীতি করা উচিত নয়। তা' যদি করতেই হয়, তবে গুজরাট বা শিবকাশীর ঘটনা নিয়েও রাজনীতি করা উচিত।

আজ সকালে কংগ্রেসের এক প্রতিনিধি দল ঘটনাস্থল পরিদর্শন করে। দলের রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চট্টোপাধ্যায়, রাজ্যসরকার সবুজ বাজি এবং বাজি ক্লাস্টার তৈরীর কথা বললেও, তা' কেন হচ্ছে না, তা' নিয়ে প্রশ্ন তোলেন।

( বাইট- আশুতোষ )

জানা গেছে, কিছুক্ষণ আগে কাকদ্বীপ মহকুমা হাসপাতালে সাত জনের দেহের ময়না তদন্ত সম্পন্ন হয়েছে। অপর এক মহিলার মৃত্যু হয় কলকাতার SSKM হাসপাতালে। আজ বিকেলে ফরেন্সিক বিভাগের তিন সদস্যের প্রতিনিধি দল ঘটনাস্থলে গিয়ে নমুনা সংগ্রহ করেন।

উল্লেখ্য, এই বিষ্ফোরণের ঘটনায় বাড়ির দুই ভাই চন্দ্রকান্ত ও তুষার বণিকের নামে থানায় অভিযোগ দায়ের হয়। ঘটনার পর থেকেই তাদের খোঁজ মিলছে না।

**************************

প্রতিবাদের আবহেই দিল্লি হাইকোর্টের বিচারপতি দীনেশ কুমার শর্মাকে কলকাতা হাইকোর্টের বিচারপতি হিসাবে বদলিতে সায় দিয়েছে কেন্দ্র। কেন্দ্রীয় আইন ও বিচার মন্ত্রকের পক্ষ থেকে আজ এ'সংক্রান্ত এক বিজ্ঞপ্তি জারি করা হয়।

এদিকে, কেন্দ্রের এই সিদ্ধান্তের প্রতিবাদে বিচারপতি শর্মার শপথ গ্রহণ অনুষ্ঠানে কলকাতা হাইকোর্ট বার-এর তিনটি সংগঠনের কোনো আইনজীবি অংশ গ্রহণ করবেন না বলে জানানো হয়েছে। হাইকোর্ট বার অ্যাসোসিয়েশনের, হাইকোর্ট বার লাইব্রেরি ও

ইনকর্পোরেটেড ল' সোসাইটির তরফে জানানো হয়েছে, আইনজীবিরা বিচারপতি শর্মার বেঞ্চে মামলার শুনানিতে অংশ নাও নিতে পারে। এব্যাপারে একটি চিঠিও প্রধান বিচারপতিকে দেওয়া হয়েছে বলে জানা গেছে।

এর আগে ওই তিন সংগঠনের পক্ষ থেকে এক সাংবাদিক সম্মেলনে জানানো হয়, দিল্লি হাইকোর্টের বিচারপতি দীনেশ কুমার শর্মার বদলির সুপারিশ আর পাঁচটি বিচারপতির বদলির মত নয়। সাম্প্রতিক কালে বিচারপতি শর্মার বিরুদ্ধে ওঠা কিছু আপত্তিকর অভিযোগের ভিত্তিতেই তাঁকে কলকাতা হাইকোর্টে পাঠানোর সুপারিশ করা হয়েছে।

*************************

উত্তর ২৪ পরগনার বসিরহাট লোকসভা কেন্দ্রে উপনির্বাচনের দাবি জানিয়ে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করেছেন এলাকাবাসীরা। তাদের দাবি, ভারতীয় সংবিধান অনুযায়ী কোন কেন্দ্রে সর্বোচ্চ ৬ মাস প্রার্থীপদ শূন্য থাকলে জাতীয় নির্বাচন কমিশনের দায়িত্ব সেখানে উপনির্বাচন করা। ২০২৪ সালের পয়লা জুন ঐ লোকসভা কেন্দ্রে ভোট হয়। চৌঠা জুন ঘোষিত ফলাফলে জয়ী হন তৃণমূল কংগ্রেস প্রার্থী শেখ হাজী নুরুল ইসলাম। কিন্তু গত ২৫ শে সেপ্টেম্বর মৃত্যু হয় তাঁর। এর পর থেকেই আসনটি শূন্য রয়েছে। দীর্ঘ ৬ মাস ধরে এলাকাবাসী সংসদ তহবিলের উন্নয়নমূলক কাজ থেকে বঞ্চিত হচ্ছেন। এই সমস্যার সমাধানের লক্ষ্যেই অবিলম্বে উপনির্বাচন করানোর দাবী জানানো হয়েছে হাইকোর্টে।

*************************

লন্ডনে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের কেলগ কলেজে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বক্তৃতা দেওয়ার সময় বিক্ষোভ প্রদর্শন করে এস এফ আই কর্মীরা তাঁকে অপমান

করেছে বলে ফ্যাম নামক একটি সংগঠনের তরফে বিতর্কিত স্লোগান লিখে পোস্টার মারার অভিযোগ উঠেছে।

জানা গেছে, তৃণমূল কংগ্রেস সাংসদ আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায় গতকাল তাদের সমর্থন জানান। এরই বিরুদ্ধে SFI যুব নেতৃত্ব প্রতিবাদ কর্মসূচী হাতে নিয়েছে। দলের কর্মী, আইনজীবি সায়ন বন্দ্যোপাধ্যায় জানান, ফ্যাম-এর এই পদক্ষেপের বিরুদ্ধে তারা মৌখিক ভাবেই জবাব দেবেন।

**************************

ষষ্ঠ BIMSTEC শীর্ষ সম্মেলনে যোগ দিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ব্যাংকক যাচ্ছেন। BIMSTEC ও ভারত শীর্ষক  বিশেষ আলোচনায় বিদেশ মন্ত্রকের প্রাক্তন সচিব পিনাক রঞ্জন চক্রবর্তীর  সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে দোসরা এপ্রিল রাত সাড়ে নটায় গীতাঞ্জলি, ১০৭ প্রচার তরঙ্গ ও DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

**************************

সারা দেশে নিত্যপ্রয়োজনীয় ও জীবনদায়ী ৭৪৮ টি ওষুধের বর্ধিত দাম আজ থেকে কার্যকর হয়েছে। 'ন্যাশনাল ফার্মাসিউটিক্যাল প্রাইসিং অথরিটি', পাইকারি মূল্যবৃদ্ধির সূচক মেনে ওই সমস্ত ওষুধের দাম ১ দশমিক ৭/৪ শতাংশ হারে বাড়ানোর সবুজ সংকেত দেওয়া হয়। এর ফলে উচ্চ রক্তচাপ, অ্যান্টিভাইরাল, ডায়াবেটিস, প্যারাসিটামল, অ্যান্টি অ্যালার্জিক, জীবনদায়ী ইঞ্জেকশন সহ ৭৪৮ টি ওষুধের দাম আজ থেকেই বেড়েছে। চিকিৎসকদের মতে, নিত্য প্রয়োজনীয় ও জীবন দায়ী এইসব ওষুধের দাম বৃদ্ধির ফলে সমস্যায় পড়বেন সাধারণ মানুষ।

জীবনদায়ী ওষুধ সহ আজ থেকে প্রায় সাড়ে সাতশো ওষুধের মূল্যবৃদ্ধির তীব্র প্রতিবাদ জানিয়েছে ডাক্তার সংগঠন Association of Health Service Doctors ।

সংগঠনের সাধারণ সম্পাদক ডাক্তার উৎপল বন্দ্যোপাধ্যায় আজ আকাশবাণীকে বলেন, এই দাম বৃদ্ধি সাধারণ মানুষের উপর প্রভাব পড়বে।

(বাইট-উৎপল)

*************************

মেধা সম্পদ সৃষ্টি ও তার বাণিজ্যকিকরণে উল্লেখযোগ্য কাজের স্বীকৃতি স্বরূপ রাজ্যের বিজ্ঞান ও  প্রযুক্তি দফতর কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পুরস্কৃত হয়েছে।

সংশ্লিষ্ট দফতরের পক্ষ থেকে জানা গেছে, সম্প্রতি খাদ্য, হস্তশিল্প, বস্ত্র, কৃষি সহ রাজ্যের বিভিন্ন ঐতিহ্যবাহী ২৪টি পণ্যের জন্য সম্প্রতি GI স্বীকৃতি মিলেছে।
একই সঙ্গে, তিনশোর বেশি আবিস্কারের পেটেন্ট পাওয়ার ক্ষেত্রেও দফতর উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে। এজন্য দুটি 'ন্যাশনাল ইন্টেলেকচুয়াল প্রপার্টি অ্যাওয়ার্ড' পেয়েছে  বিজ্ঞান ও প্রযুক্তি দফতরের অধীন পশ্চিমবঙ্গ রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদ। কেন্দ্রীয় শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল নতুন দিল্লিতে রাজ্য বিজ্ঞান দফতরের সচিব বিজয় ভারতীর হাতে এই পুরস্কার তুলে দেন।

*************************

সরকার, রমজান মাস উপলক্ষ্যে রেশনের বিশেষ প্যাকেজ বন্টন ১৭ই এপ্রিল পর্যন্ত চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে। খাদ্যদফতরের তরফে জারী করা এক  বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, রমজানের বিশেষ প্যাকেজের খাবার রেশন দোকানে মজুদ থাকলে তা গ্রাহকরা বুধবার পর্যন্ত ভর্তুকি মূল্যে কিনতে পারবেন। ওই সময় বা মজুত প্যাকেজ শেষ না-হওয়া পর্যন্ত এই ব্যবস্থা চালিয়ে যাওয়া হবে।

উল্লেখ্য, রমজান প্যাকেজে রেশন গ্রাহকদের চিনি, ছোলা ও ময়দা ভর্তুকি মূল্যে সরবরাহ করছে খাদ্যদফতর। প্যাকেজের খাদ্যসামগ্রী ঠিকমতো বিক্রি করা হচ্ছে কি না সেদিকে বিশেষ নজর রাখতে স্থানীয় পর্যায়ের আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে ।

*************************

নতুন অর্থ বছরের শুরুতেই রাজ্য সরকার লক্ষীর ভান্ডার সহ বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পে বাজেট বরাদ্দর তেত্রিশ শতাংশ অর্থ খরচের অনুমোদন দিয়েছে। পাশাপাশি স্বাস্থ্য, পরিবহন, পূর্ত এবং বিভিন্ন জনস্বার্থ সম্পর্কিত গুরুত্বপূর্ণ দপ্তরগুলিতেও নতুন বছরে বরাদ্দকৃত অর্থের ৫০ শতাংশ খরচের আগাম অনুমোদন দেওয়া হয়েছে বলে নবান্ন সূত্রে খবর।

***************************

পশ্চিম মেদিনীপুরে দাসপুরের রঘুনাথপুর গ্রামে হিরন্ময় গোস্বামী নামে স্বামীজীর ওপর হামলার প্রতিবাদে আজ বিকালে হিন্দু জাগরণ মঞ্চের পক্ষ থেকে দাসপুর থানাতে দুষ্কৃতীদের গ্রেপ্তারের দাবিতে স্মারকলিপি জমা দেওয়া হয়।

উল্লেখ্য, গতরাতে এক ভক্তের বাড়ি থেকে ফেরার পথে ওই স্বামীজীর ওপর দুষ্কৃতীরা হামলা চালায়। স্থানীয় মানুষজন তাঁকে উদ্ধার করে। পরে তাঁকে ঘাটাল মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়। পুলিশ দুষ্কৃতীদের খোঁজে এখনও তল্লাশি চালাচ্ছে।

***********************************************************************